# ♣ উত্তরপত্র

১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা- কলেজ

**Total questions : 101 Total marks : 101**

---

1) I am entitled _ a share of the profit.The correct preposition is –

✔ 1) to
2) from
3) into
4) for

**ব্যাখ্যা :** I am entitled to a share of the profit. Entitle to - অধিকার প্রদান করা ।

2) একটি ক্রমিক সমানুপাতের ১ম ও ৩য় রাশি যথাক্রমে ৪ ও ১৬ হলে, এর মধ্যে সমানুপাতী কত?

1) ১২
✔ 2) ৮
3) ২০
4) ১৪

**ব্যাখ্যা :** মধ্যরাশি = √(১ম*৩য় রাশি)
= √৪*১৬
= √৬৪
= ৮

3) "চর্যাপদ" আবিষ্কৃত হয় কত সালে?

1) ১৯০৯
2) ১৭৯৮
✔ 3) ১৯০৭
4) ১৭০৯

**ব্যাখ্যা :** বাংলা ভাষা ও সঙ্গীতের প্রাচীন নিদর্শন চর্যাপদ। ১৯০৭ সালে হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজগ্রন্থাগার থেকে এর পুথি আবিষ্কার করেন।

4) The antonym for ‘ inimical’ –

✔ 1) friendly
2) angry
3) indifferent
4) Hostile

Hello BCS

**ব্যাখ্যা :** inimical = শত্রু
Hostile=প্রতিকূল
Friendly=বন্ধুত্বপূর্ণ

5) বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেন--

1) বিজয় সেন
2) লক্ষ্মণ সেন
3) ইলিয়াস শাহ
✔ 4) আকবর

**ব্যাখ্যা :** ১৫৫৬ খ্রিষ্টাব্দের ১০ই মার্চ বা ৯৯২ হিজরিতে বাংলা সন গণনা শুরু হয়। তবে এই গণনা পদ্ধতি কার্যকর করা হয় আকবরের সিংহাসন আরোহণের সময় (৫ই নভেম্বর, ১৫৫৬) থেকে। প্রথমে এই সনের নাম ছিল ফসলি সন, পরে "বঙ্গাব্দ" বা বাংলা বর্ষ নামে পরিচিত হয়। আকবরের সময়কাল থেকেই পহেলা বৈশাখ উদ্যাপন শুরু হয়।

6) A person who treats mental illness is called-

1) a psychologist
2) a psychoanalyst
✔ 3) a psychiatrist
4) a therapist

**ব্যাখ্যা :** A person who treats mental illness is called a psychiatrist. On the other hand, a psychologist focuses on providing psychotherapy (talk therapy) to help patients.

7) একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য এর প্রস্থের তিনগুণ এবং পরিসীমা ২৪ মিটার, বাগানটির ক্ষেত্রফল কত?

1) ১৮ বর্গমিটার
2) ৯ বর্গমিটার
✔ 3) ২৭ বর্গমিটার
4) ৩০ বর্গমিটার

**ব্যাখ্যা :** ধরি, প্রস্থ × মিটার
দৈর্ঘ্য ৩× মিটার
২(× + ৩×) = ২৪
৮× = ২৪
× = ৩
আয়তকার বাগানটির ক্ষেত্রফল = ৩ × ( ৩ × ৩) =
২৭ বর্গমিটার।

Hello BCS

8) কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান প্রদান প্রযুক্তি কে কি বলা হয়?-

- ✔ 1) ইন্টারনেট
- 2) ইন্টারস্পীড
- 3) ইন্টারকম
- 4) ই-মেইল

**ব্যাখ্যা :** ইন্টারনেট বা আন্তর্জাল হল সারা পৃথিবী জুড়ে বিস্তৃত নেটওয়ার্কিং জাল, যা পরস্পরের সাথে সংযুক্ত অনেকগুলো কম্পিউটার নেটওয়ার্কের সমষ্টি । এটি জনসাধারণের জন্য উন্মুক্ত এবং যেখানে আইপি বা ইন্টারনেট প্রটোকল নামের এক প্রামাণ্য ব্যবস্থার মাধ্যমে ড্যাটা আদান-প্রদান করা হয়।

9) করোনারী থ্রম্বসিস অসুখটি-

- 1) যকৃতের
- 2) অগ্ন্যাশয়ের
- ✔ 3) হৃৎপিন্ডের
- 4) কিডনির

**ব্যাখ্যা :** করোনারী থ্রম্বসিস অসুখটি - হৃদপিণ্ডের। রক্তে যদি LDL বা কোলেস্টেরল পরিমাণ স্বাভাবিক (১০০ - ২০০ mg/dl) এর তুলনায় বেশি হয়ে যায় তখন ধমনী গাত্রে বা প্রাচীরে কোলেস্টেরল ও ক্যালসিয়াম জমা হয়ে রক্তপ্রবাহের পথ সংকুচিত হয়। এতে প্রাচীরে স্থিতিস্থাপকতা কমে যায় ও শক্ত হয়। এ অবস্থাকে orterioscleosis বা ধমনীর কাঠিন্য বলে।

10) বিখ্যাত ওয়াটারলু যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত?

- 1) রাশিয়া
- ✔ 2) বেলজিয়াম
- 3) লন্ডন
- 4) ব্রাজিল

**ব্যাখ্যা :** যুদ্ধ প্রান্তরটি বেলজিয়ামের ওয়াটার লু শহর থেকে ২ কিলোমিটার দুরে এবং বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস থেকে ১৫ কিলোমিটার দক্ষিণে অবস্থিত।

11) He waited until the plane-

- 1) did not take off
- ✔ 2) took off
- 3) had taken off
- 4) had not taken off

**ব্যাখ্যা :** এখানে until দ্বারা দুটি clause যুক্ত হয়েছে যার principal clause টি past indefinite tense - এর। অতএব নিয়মানুযায়ী subordinate clause টিও past tense - এ হওয়া বাঞ্ছনীয় ।

Hello BCS

12) উৎপত্তি অনুসারে বাংলা শব্দ সমূহকে কয় ভাগে ভাগ করা হয়েছে?

1) ৪ ভাগে
2) ৬ ভাগে
3) ৩ ভাগে
✔ 4) ৫ ভাগে

**ব্যাখ্যা :** উৎপত্তি বা উৎস অনুসারে বাংলা ভাষার শব্দকে ৫ ভাগে ভাগ করা হয়েছে। যথা : তৎসম, অর্ধ-তৎসম, তদ্ভব, দেশী ও বিদেশী। গঠন অনুসারে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা : মৌলিক ও সাধিত। অর্থ অনুসারে তিন ভাগে ভাগ করা হয়েছে। যথা : যৌগিক, রূঢ়ি ও যোগরূঢ়।

13) মুজিবনগর কোন জেলায় অবস্থিত?

1) যশোর
2) চুয়াডাঙ্গা
✔ 3) মেহেরপুর
4) কুষ্টিয়া

**ব্যাখ্যা :** মুজিবনগর (পূর্বনাম : বৈদ্যনাথতলা), বাংলাদেশের মেহেরপুর জেলায় অবস্থিত এটি একটি ঐতিহাসিক স্থান।

14) নিচের কোনটিকে আদর্শ খাদ্য বলে?

✔ 1) দুধ
2) ফল
3) মাছ
4) ভাত

**ব্যাখ্যা :** দুধ আদর্শ খাদ্য। কারণ খাদ্যের ৬ টি উপাদানের সবগুলোই দুধে বিদ্যমান রয়েছে। এজন্য দুধকে আদর্শ খাদ্য বলা হয়।

15) I decided to go _ with my friend as I needed some exercise.

1) walk
2) To a walk
✔ 3) for a walk
4) for walking

**ব্যাখ্যা :** 'হাঁটতে যাওয়া' অর্থে 'go for a walk' phrase টি ব্যবহৃত হয়।

16) মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে বঙ্গবন্ধু উপাধি লাভ করেছিলেন?

✔ 1) ১৯৬৯

Hello BCS

2) ১৯৬৬
3) ১৯৭০
4) ১৯৬৮

**ব্যাখ্যা :** ২৩ ফেব্রুয়ারী ১৯৬৯ রেসকোর্স ময়দানে আয়োজিত এক ছাত্র সমাবেশে তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

17) Jerry was deprived of motherly affection.Here the word ‘motherly’is-

1) a noun
2) an adverb
✔ 3) an adjective
4) none

**ব্যাখ্যা :** ইংরেজিতে কিছু noun word ( father, mother, time, friend. ) আছে যাদের শেষে ly যুক্ত হয়ে adjective form হয় ।

18) কোনটি তৎসম শব্দ ?

1) তেতুঁল
✔ 2) কিংবদন্তী
3) চাঁদ
4) হাতি

**ব্যাখ্যা :** যেসব শব্দের সংস্কৃত ভাষা থেকে কোন রূপ পরিবর্তন ছাড়া বাংলা ভাষায় গৃহীত হয়েছে সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন - চন্দ্র , সূর্য , নক্ষত্র, ভবন, ধর্ম, পত্র, মনুষ্য, মস্তক, গ্রহ, কর্ণ ইত্যাদি।

19) ”বীরসন্তান প্রসব করে যে নারী”-এর এক কথায় প্রকাশ-

1) রত্নগর্ভা
✔ 2) বীরপ্রসূ
3) স্বর্ণমাতা
4) বীরভোগ্য

**ব্যাখ্যা :** বীর সন্তান প্রশ্রব করে যে নারী - বীরপ্রসূ। অতি গুণবান পুত্রের জননী - রত্নগর্ভা।

20) ”বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ” গ্রন্থের রচয়িতার নাম-

✔ 1) ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
2) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
3) বিদ্যাপতি
4) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

Hello BCS

**ব্যাখ্যা :** 'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের রচয়িতার নাম - ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায় । বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ গ্রন্থের প্রকৃত নাম 'The Origin and Development of the Bengal Language ' ( ১৯২৬)। বাংলা ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কিয় এ গ্রন্থের রচয়িতা ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

21) The antonym of ‘Honorary’ is-

1) Literary
2) Honorable
✔ 3) Salaried
4) Official

**ব্যাখ্যা :** The antonym of Honorary ( unpaid, unsalaried ) is salaried. And the other words are synonyms.

22) ‘ইংরেজি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

1) গ্রীক
2) তুর্কী
3) ফারসি
✔ 4) পর্তুগীজ

**ব্যাখ্যা :** ইংরেজি শব্দটি পর্তুগিজ ভাষা থেকে নেয়া হয়েছে।
ইংরেজি শব্দটি পর্তুগিজ শব্দ থেকে এসেছে। আরো কতিপয় পর্তুগিজ শব্দ - আনারস, আলপিন, চাবি, কফি, কেরানি, বোমা, বোতাম, আয়া, সাবান, তামাক, বর্গা।

Hello BCS

23) I don’t think you will have any difficulty _ a driving license

✔ 1) in getting
2) get
3) to get
4) for getting

**ব্যাখ্যা :** 'Difficulty in something' অর্থ হলো কোনো কিছুতে সমস্যা।

24) বাংলা সাহিত্যে চতুর্দশপদী কবিতা বা সনেটের প্রবর্তক কে?

1) বিহারীলাল চক্রবর্তী
2) প্যারিচাঁদ মিত্র
3) মোহিতলাল মজুমদার
✔ 4) মাইকেল মধুসূদন দত্ত

**ব্যাখ্যা :** সনেটকে বাংলায় বলা হয় চতুর্দশপদী কবিতা। সনেটের বাংলা নামটি দিয়েছিলেন মাইকেল মধুসূদন দত্ত

25) বাংলা গদ্যের জনক বলা হয় কাকে?

- ✔ 1) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- 2) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
- 3) প্যারিচাঁদ মিত্র
- 4) রবীন্দ্রনাথ ঠাকুর

**ব্যাখ্যা :** উনিশ শতকের শ্রেষ্ঠ লেখক ও শিক্ষাবিদ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে বাংলা গদ্যের জনক বলা হয়। তিনিই প্রথম বাংলা গদ্যে বিরাম চিহ্নের প্রয়োগ ঘটিয়ে বাংলা গদ্যরীতিতে উৎকর্ষের এক উচ্চতর পরিসীমায় উন্নীত করেন।

26) স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলে?

- 1) অক্ষর
- 2) ফলা
- ✔ 3) কার
- 4) ধ্বনি

**ব্যাখ্যা :** স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে কার। ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে ফলা।

27) কমা (comma) এর বাংলা কি?

- 1) পূর্ণচ্ছেদ
- ✔ 2) পাদচ্ছেদ
- 3) দৃষ্টান্তছেদ
- 4) অর্ধছেদ

**ব্যাখ্যা :** কমা এর বাংলা পাদচ্ছেদ। বাক্য পাঠ কালে সুস্পষ্টতা বা অর্থ বিভাগ দেখাবার জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা বা পাদচ্ছেদ ব্যবহৃত হয়। যেমন - সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।

28) চিকনগুনিয়া রোগটি কোন মাধ্যমবাহিত রোগ?

- ✔ 1) পতঙ্গবাহিত
- 2) পানিবাহিত
- 3) রক্তবাহিত
- 4) বায়ুবাহিত

**ব্যাখ্যা :** চিকনগুনিয়া হলো ফ্লাভি ভাইরাস দ্বারা সংক্রমিত একটি রোগ। এ রোগের বাহক এডিস এজিপটাই ( Aedes Aegypti) নামক মশকী। মশা বা মশকী পতঙ্গ - শ্রেণির প্রাণী। সুতরাং চিকনগুনিয়া পতঙ্গ বাহিত রোগ।

Hello BCS

29) $(\sqrt{3})^{x+1} = (3\sqrt{3})^{2x-1}$ হলে, x=?

1) 3
2) 6
✔ 3) 5
4) 4

**ব্যাখ্যা :** $(\sqrt{3})^{x+1} = (3\sqrt{3})^{2x-1}$
or, $3^{(x+1)/2} = 3^{(2x-1)/3}$
or, (x+1)/2=(2x-1)/3
or, 3x+3=4x-2
or, x=5

30) ”অগ্নি” এর সমার্থক শব্দ নয় কোনটি?

1) হুতাশন
2) বায়ুসখা
✔ 3) দ্যুতি
4) কৃশানু

**ব্যাখ্যা :** অগ্নি'র সমার্থক শব্দগুলো : অনল, বিহ্ন, হুতাশন,পাবক, বৈশ্বানর, আগুন, দহন, সর্বভুক , শিখা,বায়ুসখা, কৃশানু প্রভৃতি। দ্যুতি - দীপ্তি, প্রভা, ঔজ্জ্বল্য ; কিরণ ; শোভা (দ্যুতিময়, দ্যুতিমান)।

31) $(17)^0 x = ?$

1) 17x
✔ 2) x
3) 17
4) 1

**ব্যাখ্যা :** Here,
$(17)^0=1$
so, $(17)^0x=x$

32) ”তামার বিষ” বাগধারাটির অর্থ কী?

1) অর্থের অভাব
2) অর্থের অহংকার
3) অর্থের প্রাচুর্য
✔ 4) অর্থের কু-প্রভাব

**ব্যাখ্যা :** তামার বিষ ( অর্থের কুপ্রভাব ) — তামার বিষে ওরা ধরাকে সরা জ্ঞান করছে।

Hello BCS

33) একটি কাজ "ক" ৩ দিনে এবং "খ" ৬ দিনে করতে পারে। ক ও খ একত্রে কাজটি কত দিনে করতে পারবে?

- ✔ 1) ২ দিন
- 2) ৫ দিন
- 3) ৪ দিন
- 4) ৩ দিন

**ব্যাখ্যা :** ক ও খ একত্রে কাজটি করতে পারে = ৩ × ৬ /৩ + ৬ দিনে
= ১৮/৯ দিনে
= ২ দিনে।

34) তারামন বিবি যুদ্ধ করেন কোন সেক্টরে?

- 1) ৯
- 2) ৮
- ✔ 3) ১১
- 4) ১০

**ব্যাখ্যা :** তারামন বিবি ১১ নং সেক্টরে নিজ গ্রাম কুড়িগ্রাম জেলার শংকর মাধবপুরে ছিলেন। তখন ১১ নং সেক্টরের নেতৃত্বে ছিলেন সেক্টর কমান্ডার আবু তাহের।

35) ২০১৭ সালে ICC Champion ট্রফি কোথায় অনুষ্ঠিত হয়

- 1) নিউজিল্যান্ড
- 2) ভারত
- ✔ 3) ইংল্যান্ড
- 4) অস্ট্রেলিয়া

**ব্যাখ্যা :** ২০১৭ আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি একদিনের আন্তর্জাতিক ক্রিকেট প্রতিযোগিতাবিশেষ। পূর্ব-নির্ধারিত সময়সূচী মোতাবেক ইংল্যান্ড এবং ওয়েলসে ২০১৭ সালের ১ থেকে ১৮ জুন অনুষ্ঠিত হয়।

36) Identify the correct sentence.

- 1) She had faith and hopes for the future.
- 2) She had faith in and hopes in the future.
- ✔ 3) She had faith in and hopes for the future.
- 4) She had faith in and hopes in future.

**ব্যাখ্যা :** Appropriate Prepositions:
faith in = কোনো কিছুর প্রতি বিশ্বাস রাখা
hope for = কোনো কিছু নিয়ে আশা থাকা

Hello BCS

37) $\tan\theta = \sqrt{3}$ হলে, $\cos\theta = ?$

1) 1
2) $1/\sqrt{2}$
3) $\sqrt{3}/2$
✔ 4) 1/2

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
$\tan\theta = \sqrt{3}$
বা, লম্ব/ভূমি=$\sqrt{3}/1$
এখন, অতিভুজ=$\sqrt{(\sqrt{3}^2+1)}$
$=\sqrt{4}$
=2
so,$\cos\theta$=ভূমি/ অতিভুজ
=1/2

38) Panic seized me. The passive form will be -

1) I was scized by panic
✔ 2) I was seized with panic
3) I was seized into panic
4) I was scized from panic

**ব্যাখ্যা :** I was seized with panic.
Seize ( জব্দ বা গ্রেফতার করা) verb যুক্ত active বাক্যকে passive করার ক্ষেত্রে sub.( object এর subjective form) + was seized + with (seize এর ক্ষেত্রে passive বাক্যে by এর পরিবর্তে with হয় ) +obj. ( subject এর objective form) হয়।

39) Identify the correct sentence:

✔ 1)
She had faith in and hopes for the future

2)
She had faith and hopes in future

3)
She had faith and hopes for the future

4)
She had faith and hopes in the future.

Hello BCS

**ব্যাখ্যা :** Sentence - গুলোতে preposition - এর ব্যবহারই মূল factor । Faith এবং hope - এ দুটি noun একত্রে in অথবা for preposition সহ ব্যবহৃত হলে অর্থ যথার্থ হয় না। বরং faith in অর্থ হলো কোনো কিছুতে বিশ্বাস রাখা। অন্যদিকে hope for এর অর্থ হলো - কোনো বিষয়ে আশা প্রকাশ করা। সুতরাং (ক) - ই সঠিক।

40) A person whose ‘head’ is in the ‘clouds’ is-

1) Proud
✔ 2) a day dreamer
3) a noun
4) none

**ব্যাখ্যা :** (have ones) head in the clouds - অর্থ হলো দিবাস্বপ্নে বিভোর বা অলীক কল্পনায় মগ্ন। আর a day dreamer অর্থ হলো দিবাস্বপ্নাচারী এবং এটি অর্থগতভাবে phrase টির সাথে বেশি মিলে। তাই 'খ' - ই সঠিক।

41) যদি a + b + c = 5 এবং $a^2 + b^2 + c^2 = 9$ হয়, তবে ab + bc + ca =?

✔ 1) 8
2) 34
3) 12
4) 16

**ব্যাখ্যা :** আমরা জানি, (a+b+c)^2= a^2+b^2+c^2+2(ab+bc+ca)
or,(5)^2=9+2 (ab+bc+ca)
or, 25-9=2 (ab+bc+ca)
or, ab+bc+ca= (16/2)
> ab+bc+ca= 8

42) শতকরা বার্ষিক কত টাকা হার মুনাফায় ৬৫০ টাকার ও ৬ বছরের মুনাফা ২৭৩ টাকা হবে ?

1) ৬.৫০
2) ৬
✔ 3) ৭
4) ৮

**ব্যাখ্যা :** সরল মুনাফার ক্ষেত্রে
r = I × ১০০/ Pn %
= ২৭৩ × ১০০/ ৬৫০ × ৬ %
= ৭

Hello BCS

43) The correct translation of ‘ দুঃখের প্রয়োজনীয়তা মধুর’ is-

1) Sweet uses of adversity
2) Sweet do not use of adversity
3) Sweet is the uses of adversity
✔ 4) Sweet are the uses of adversity

**ব্যাখ্যা :** দুঃখের প্রয়োজনীয়তা মধুর। এর সঠিক ইংরেজি হলো Sweet are the uses of adversity. কোন বাক্য যদি adjectiv( sweet) দিয়ে শুরু হয় তাহলে verb এর পরবর্তী noun বা pronoun ( the uses) অনুযায়ী verb singular বা plural হয়। আর adjective এর পরে verb আসে।

44) কার সময়ে বঙ্গভঙ্গ হয়?

1) লর্ড হার্ডিঞ্জ
2) লর্ড ওয়েলেসলী
✔ 3) লর্ড কার্জন
4) লর্ড ক্যানিং

**ব্যাখ্যা :** বঙ্গভঙ্গ বাংলার ইতিহাসে একটি অতি গুরুত্বপূর্ণ অধ্যায়। ১৯০৫ সালের ১৬ই অক্টোবর ভারতের ভাইসরয় লর্ড কার্জনের আদেশে ১ম বঙ্গভঙ্গ সম্পন্ন হয়।

45) গ্রিনিচ মানমন্দির কোথায় অবস্থিত ?

1) চীন
2) রাশিয়া
3) জাপান
✔ 4) যুক্তরাজ্য

**ব্যাখ্যা :** গ্রিনিচ মানমন্দির যুক্তরাজ্যের রাজধানী লন্ডন শহরের উপকণ্ঠে অবস্থিত ।

46) ”দুর্যোগ” এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?

1) দুহঃ+যোগ
✔ 2) দুঃ+যোগ
3) দুরঃ+যোগ
4) দুর+যোগ

**ব্যাখ্যা :** ‘অ/আ’ ছাড়া অন্য স্বরধ্বনির পরে ‘ঃ’ থাকলে এবং তারপরে অ, আ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম ধ্বনি কিংবা য, র, ল, ব কিংবা হ থাকলে ‘ঃ’ - র জায়গায় ‘র’ হয়। যেমন -
নিঃ + আকার = নিরাকার (ই + ঃ + আ)
দুঃ + যোগ = দুর্যোগ (উ + ঃ + য)
নিঃ + আকরণ = নিরাকরণ (ই + ঃ + আ)

Hello BCS

দুঃ + লোভ = দুর্লোভ (উ + ঃ + ল)
নিঃ + জন = নির্জন (ই + ঃ + জ)
দুঃ + অন্ত = দুরন্ত (উ + ঃ + অ)
আশীঃ + বাদ = আশীর্বাদ (ঈ + ঃ + ব)
প্রাদুঃ + ভাব = প্রাদুর্ভাব (উ + ঃ + ভ)
জ্যোতিঃ + ময় = জ্যোতির্ময় (ই + ঃ + ম)
বহিঃ + গত = বহির্গত (ই + ঃ + গ)

47) বাংলাদেশে সাহিত্যে সর্বোচ্চ পুরস্কার কোনটি?

✔ 1) বাংলা একাডেমি পুরস্কার
2) শিশু একাডেমি পুরস্কার
3) একুশে পদক
4) স্বাধীনতা দিবস পুরস্কার

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যে অবদান রাখার স্বীকৃতি হিসেবে দেশের সর্বোচ্চ পুরস্কার ' বাংলা একাডেমি পুরস্কার '। ১৯৬০ সালে প্রবর্তিত এ পুরস্কারের প্রতিটিতে দেয়া হয় ১ লাখ টাকা এবং বাংলা একাডেমির মনোগ্রাম সম্বলিত একটি ক্রেস্ট ও সম্মাননাপত্র।

48) ”উপকন্ঠ” শব্দটির সঠিক ব্যাসবাক্য কোনটি?

1) উপ যে কন্ঠ
2) কন্ঠ পর্যন্ত
✔ 3) কন্ঠের সমীপে
4) কন্ঠের সদৃশ

**ব্যাখ্যা :** কন্ঠের সমীপে = উপকন্ঠ।
যে সমাসে সমস্যমান পদের পদ অব্যয় অর্থের দিক থেকে প্রাধান্য লাভ করে , তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন - দিন দিন = প্রতিদিন, কন্ঠের সমীপে = উপকন্ঠ, জেলার সদৃশ = উপজেলা, কথার সদৃশ = উপকথা।

49) শরীর > শরীল - শব্দটিতে ধ্বনি পরিবর্তনের কোন ধরনের নিয়ম প্রযোজ্য?

✔ 1) বিষমীভবন
2) অসমীভবন
3) ধ্বনিবিপর্যয়
4) সমীভবন

**ব্যাখ্যা :** দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন - শরীর > শরীল, লাল > নাল ইত্যাদি ।

50) প্রথম বাংলা ভাষার ব্যাকরণ কে লেখেন ?

1) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

Hello BCS

2) মনোএল দ্যা আসসুম্পসাঁও
✔ 3) ন্যাথানিয়েল ব্রাসি হালহেড
4) রামমোহন রায়

**ব্যাখ্যা :** প্রথম বাংলা ভাষার ব্যাকরণ লেখেন ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড। বাংলা ব্যাকরণের প্রথম গ্রন্থ রচনা করেন মনোএল দ্যা আসসুম্পাসাঁও। ' ভোকাবুলারিও এম ইদিওমা বেনগেল্লা ই পর্তুগিজ ; দিভিদিদো এম দুয়াস পার্তেস ' নামে ১৭৪৩ সালে পর্তুগালের লিসবন থেকে গ্রন্থটি প্রকাশিত হয় । ব্যাকরণ গ্রন্থ - A Grammar of the Bengali Language ' - গ্রন্থের রচয়িতা ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড।

51) বঙ্গবন্ধুর গ্রামটি কোন নদীর তীরে অবস্থিত?

1) ভৈরব
2) কুমার
3) মধুমতি
✔ 4) বাইগার

**ব্যাখ্যা :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার পাটগাতি ইউনিয়নের টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। বর্তমান গোপালগঞ্জ জেলা সদরের দক্ষিণ - পশ্চিমে মধুমতি নদী। আর বাইগার নদীর তীর ঘেঁষে অবস্থিত টুঙ্গিপাড়া গ্রাম। মধুমতির অসংখ্য শাখা নদীর একটি বাইগার নদী।

52) শিশুটি হাসতে হাসতে আমার কাছে এল

✔ 1) The baby came to me laughing
2) The baby came to me in laughing
3) The baby came to me to laughing
4) The baby came to me by laughing

**ব্যাখ্যা :** হাসতে হাসতে, বলতে বলতে বাক্যে ব্যবহৃত হলে verb এর present participle ব্যবহৃত হয়। এবং এর পূর্বে কোনো preposition ব্যবহৃত হয় না। The baby came to me laughing বাক্যটি সঠিক ।

53) $\sqrt[4]{x} = 0.1$ হলে, x=?

1) 0.1
2) 0.001
3) 0.01
✔ 4) 0.0001

**ব্যাখ্যা :** Ans: 0.0001 ( By Calculating )

54) বাংলা ভাষায় সংস্কৃতি উপসর্গ কয়টি ?

✔ 1) ২০টি

Hello BCS

2) ২১টি
3) ২৩টি
4) ২২টি

**ব্যাখ্যা :** যেসব উপসর্গ সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে সেসব উপসর্গকে বলা হয় তৎসম বা সংস্কৃত উপসর্গ। সংস্কৃত উপসর্গ প্রধানত ২০ টি। যথা—অ, অনা, অজ, অঘা, আ, আড়, আন, আর, ইতি, ঊন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

55) ”পায়ের আওয়াজ পাওয়া যায়” কি ধরনের রচনা?

✔ 1) কাব্যনাটক
2) ছোটগল্প
3) উপন্যাস
4) পত্রোপন্যাস

**ব্যাখ্যা :** সৈয়দ শামসুল হক (১৯৩৫ - ২০১৬) রচিত ' পায়ের আওয়াজ পাওয়া যায় ' গ্রন্থটি একটি কাব্যনাট্য। এ কাব্যনাট্যটি ১৯৭৬ সালে প্রকাশিত হয়। এছাড়া ' গণনায়ক' (১৯৭৬), নুরুলদীনের সারা জীবন (১৯৮২), এখানে এখন (১৯৮৮), ঈর্ষা, যুদ্ধ এবং যুদ্ধ' তার রচিত অন্যান্য কাব্যনাট্য।

Hello BCS

56) No article is used/needed before

1) an adverb
✔ 2) a pronoun
3) a noun
4) an adjective

**ব্যাখ্যা :** সাধারণত material noun এর পূর্বে article বসে না। তবে এদের নির্দিষ্ট করে বুঝালে article বসে।

57) BARD এর প্রতিষ্ঠাতা কে?

✔ 1) অধ্যক্ষ আখতার হামিদ খান
2) অধ্যক্ষ আব্দুল লতিফ খান
3) জনাব আলতাফ হামিদ খান
4) জনাব আব্দুল্লাহ হামিদ খান

**ব্যাখ্যা :** বার্ড (BARD) - এর পূর্ণ অভিব্যক্তি Bangladesh Academy for Rural Development । ১৯৫৯ সালে কুমিল্লার কোটবাড়িতে প্রখ্যাত সমাজকর্মী আখতার হামিদ খান ব্যক্তিগত উদ্যোগে এ প্রতিষ্ঠান স্থাপন করেন।

58) She argued ---- me about the marriage.

✔ 1) with

2) from
3) for
4) to

**ব্যাখ্যা :** কোনো ব্যক্তির সাথে যুক্তি প্রদর্শনে argue-এর সাথে with বসে।

59) x + 1/x = 5 হলে, x/(x $^2$ + x + 1) এর মান কত

✔ 1) 1/6
2) 1/4
3) 1/2
4) 1/3

**ব্যাখ্যা :** x + 1/x = 5 হলে,
Now,
x/(x $^2$ + x + 1)
or,1/ x/(x $^2$ + x + 1)
or, (x $^2$ + x + 1)/x
or, x+1/x+1
or,5+1
= 6
Ans: 1/6

Hello BCS

60) ”দীপ্যমান” শব্দের প্রকৃতি ও প্রত্যয় সঠিক কোনটি?


1) √দীপ্য+মান
✔ 2) √দীপ+শানচ্
3) √দিপ্য+মানচ
4) √দিপ+শানচ

**ব্যাখ্যা :** শানচ - প্রত্যয় যোগে গঠিত শব্দ দীপ্যমান। কৃৎপ্রত্যয় সাধিত শব্দ দীপ্যমান এর সঠিক প্রকৃতি - প্রত্যয় ; √ দীপ্ + শান্ চ = দীপ্যমান। এরূপ - √ চল + শানচ = চলমান, √ বৃধ + শানচ = বর্ধমান।

61) ABC সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য x হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

1) √3/4 x $^3$ বর্গএকক
✔ 2) √3/4 x $^2$ বর্গএকক
3) x $^3$ বর্গএকক
4) 4/√3 x $^2$ বর্গএকক

**ব্যাখ্যা :** সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য x একক হলে, ক্ষেত্রফল $=\sqrt{3}/4\ x^2$




62) The second World War broke _ in September, 1939.

1) in
✔ 2) out
3) through
4) away

**ব্যাখ্যা :** The second World War broke out in September 1939. Break out - প্রাদুর্ভাব হওয়া বা ছড়িয়ে পড়া। ১৯৩৯ সালের সেপ্টেম্বর মাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ ছড়িয়ে পড়ে ।

63) He will come in no time. Here the idiom 'in no time' means.

1) not ever
2) never in future
✔ 3) very soon
4) not in future

**ব্যাখ্যা :** If something happens in no time or in next to no time, it happens almost immediately or very quickly.

64) ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের কয় দফা ছিল?

1) ১১ টি
✔ 2) ২১ টি

Hello BCS

3) ৬ টি
4) ৮ টি

**ব্যাখ্যা :** পূর্ব পাকিস্তানে প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৫৪ সালের ১০ মার্চ। উক্ত নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা পরিচালিত হয় ২১ দফার ভিত্তিতে। ২১ দফা দাবির প্রথম দফা ছিল - বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দান।

65) উদ্যম বিহনে কার পুরে মনোরথ- এখানে “উদ্যম বিহনে” কোন কারকে কোন বিভক্তি?

✔ 1) অধিকরণে ৭মী
2) কর্তৃকারকে ৭মী
3) অপাদানে ১ম
4) কর্মে ৭মী

**ব্যাখ্যা :** ক্রিয়ার আধার কে অধিকরণ কারক বলে। অর্থাৎ যে স্থানে একবার যে বিষয়টি আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয়, সে বিষয়, সময় বা স্থানকে বলা হয় অধিকরণ কারক। যেমন - আকাশে চাঁদ উঠেছে ।

66) পিঁপড়ার কামড়ে কোন এসিড থাকে?

✔ 1) ফরমিক এসিড
2) নাইট্রিক এসিড
3) অক্সালিক এসিড
4) সাইট্রিক এসিড

**ব্যাখ্যা :** পিপড়া বা মৌমাছির কামড়ে আমাদের দেহের সাথে ফরমিক অ্যাসিড বা মিথানয়িক এসিড (HCOOH) মিশে যায়। এতে হুল ফোটানো বা কামড়ানো স্থানে আমরা জ্বালা অনুভব করি।

67) কোন শর্তে $\log_a a = 1$?

1) $a \neq 1$
✔ 2) $a > 0, a \neq 1$
3) $a > 0$
4) $a \neq 0, a > 2$

**ব্যাখ্যা :** when,
$a > 0, a \neq 1$
then , $loga^{a}=1$

68) ”তাসের ঘর” শব্দের অর্থ কি?

1) সর্বনাশ
2) ভন্ড
3) তামাশা

Hello BCS

✔ 4) ক্ষণস্থায়ী

**ব্যাখ্যা :** তাসের ঘর একটি বাগধারা। প্রদত্ত বাগধারাটির অর্থ - ক্ষণস্থায়ী। যেমন : ঠুনকো বন্ধুত্ব স্বার্থের সামান্য আঘাতেই তাসের ঘরের মত ভেঙে যায়

69) কোনটি নিত্য সমাসের উদাহরণ?

1) স্ত্রীর অভাব
2) প্রকৃষ্ঠ গতি
✔ 3) অন্যগ্রহ
4) মিলের অভাব

**ব্যাখ্যা :** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাস বদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। যেমন - অন্য গ্রাম = গ্রামান্তর।

70) দুটি সংখ্যার ল.সা.গু ১৪৪ এবং গ.সা.গু ১২।একটি সংখ্যা ৪৮ হলে অপরটি কত?

✔ 1) ৩৬
2) ২৪
3) ১২
4) ১৮

**ব্যাখ্যা :** অপর সংখ্যাটি = সংখ্যা দুটির ( ল. সা. গু × গ. সা. গু)÷ একটি সংখ্যা
= (১৪৪× ১২) ÷৪৮
= ৩৬

71) ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ঘন্টায় ।৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে ?

✔ 1) ৯ ঘন্টায়
2) ৫ ঘন্টায়
3) ৬ ঘন্টায়
4) ৩ ঘন্টায়

**ব্যাখ্যা :** ১৫ জন কাজ শেষ করে ৩ ঘণ্টায়
১ জন কাজ শেষ করে (১৫×৩) ঘণ্টায়
সুতরাং ৫ জন শেষ করে (১৫×৩)÷ ৫
= ৯ ঘণ্টায়

72) ভারী পানির সংকেত কোনটি?

1) $H_2O$
2) $NH_4$
3) $H_2SO_4$

✔ 4) $D_2O$

**ব্যাখ্যা :** সাধারণ পানির সংকেত $H_2O$ এবং এক অণু সাধারণ পানির অণুতে দুটি হাইড্রোজেন পরমাণু ও একটি অক্সিজেন পরমাণু থাকে। অন্যদিকে, ভারী পানির রাসায়নিক সংকেত $D_2O$। ভারী পানির এক অণুতে দুটি ডিউটেরিয়াম পরমাণু ও একটি অক্সিজেন পরমাণু থাকে।

73) ”ধূমকেতু” পত্রিকার সম্পাদক কে ছিলেন?

1) শামসুর রহমান
2) শওকত ওসমান
3) বুদ্ধদেব বসু
✔ 4) কাজী নজরুল ইসলাম

**ব্যাখ্যা :** ধূমকেতু পত্রিকার সম্পাদক ছিলেন কাজী নজরুল ইসলাম। ধূমকেতু কাজী নজরুল ইসলাম সম্পাদিত একটি দ্বি-সাপ্তাহিক পত্রিকা, যেটি ১৩২৯ বঙ্গাব্দের ২৬ শ্রাবণ (১৯২২ সালের ১১ আগস্ট) প্রথম প্রকাশিত হয়। পত্রিকাটির সর্বশেষ সংস্করণ ১৯২৩ সালের মার্চ মাসে প্রকাশিত হয়েছিল।

74) My uncle arrived while I -----the dinner.

1) would cook
2) had cooked
✔ 3) was cooking
4) cook

**ব্যাখ্যা :** Past Infinite Tense + while + Past Continuous Tense

75) ”ক্রিয়ারকাল ও পুরুষ” ব্যাকরণের কোন অংশে আলোচিত হয় ?

1) বাক্যতত্ত্বে
2) অর্থতত্ত্বে
3) ধ্বনিতত্ত্বে
✔ 4) রূপতত্ত্বে

**ব্যাখ্যা :** এর বা একাধিক ধ্বনির অর্থবোধক সম্মিলনে শব্দ তৈরি হয়, শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয় রূপ। রূপ গঠন করে শব্দ। সেই জন্য শব্দতত্ত্বকে রূপত্ত্ব বলা হয়। ক্রিয়ার কাল ও পুরুষ রূপতত্ত্বে বলা হয় ক্রিয়ার কাল ও পুরুষ রূপতত্ত্বে আলোচিত হয়।

76) Which is the correct sentence?

✔ 1) I shall avail myself of the opportunity
2) I shall avail for the opportunity
3) I shall avail the opportunity
4) I shall avail of the opportunity

Hello BCS

**ব্যাখ্যা :** Avail oneself of the opportunity অর্থ কাজে লাগানো বা ( সুযোগের) সদ্ব্যবহার করা

77) Which is the correct sentence?

1) Each boy and each girl are having a pen
✔ 2) Each boy and each girl has a pen
3) Each boy and each girl have a pen
4) Each boy and each girl were having a pen

**ব্যাখ্যা :** And দ্বারা যুক্ত দুটি noun এর পূর্বে each থাকলে verb singular হয়।

78) $x = 1 + \sqrt{3}$ হলে, $x^3 = ?$

1) $5 + 6\sqrt{3}$
✔ 2) $10 + 6\sqrt{3}$
3) $4 + 3\sqrt{3}$
4) $10 + 9\sqrt{3}$

**ব্যাখ্যা :** $(a+b^3=a^3+b^3+3ab(a+b)$
Now,
$(1 + \sqrt{3})^3=1+(\sqrt{3})^3+3.1.\sqrt{3}(1+\sqrt{3})$
$=1+3\sqrt{3}+3\sqrt{3}(1+\sqrt{3})$
$=1+3\sqrt{3}+3\sqrt{3}+3*3$
$=10+6\sqrt{3}$

Hello BCS

79) বাংলাদেশে সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী ক্ষেত্র কোনটি?

1) চা
2) হিমায়িত মৎস্য
✔ 3) তৈরি পোশাক
4) পাট

**ব্যাখ্যা :** বাংলাদেশে এককভাবে সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত হলো তৈরি পোশাক খাত। তৈরি পোশাক রপ্তানিতে বর্তমানে বিশ্বে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। ২০১৬ - ১৭ অর্থবছরে এ খাত থেকে বাংলাদেশ আয় করে ১৪, ৩৯৩ মিলিয়ন মার্কিন ডলার, যা মোট রপ্তানি আয়ের ৪১.৫৪% ।

80) বাংলাদেশে মণিপুরি নাচ কোন অঞ্চলের ঐতিহ্য?

1) ময়সনসিংহ
✔ 2) সিলেট
3) রাজশাহী
4) কুষ্টিয়া

**ব্যাখ্যা :** মনিপুরী সিলেটে বসবাসরত মনিপুরী উপজাতিদের একটি নৃত্য ,যা সারা দেশে ব্যাপকভাবে সমাদৃত।

81) একটি দ্রব্য ক্রয় করে ২৪% ক্ষতিতে বিক্রয় করা হলো ।বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের অনুপাত কত ?

1) ১৮ :২৫
2) ২০ :২৫
✔ 3) ১৯ :২৫
4) ২৪ :২৫

**ব্যাখ্যা :** ধরি, ক্রয়মূল্য ১০০ টাকা
২৪% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ - ২৪) = ৭৬ টাকা
সুতরাং, বিক্রয়মূল্যঃ ক্রয়মূল্য = ৭৬ঃ১০০ = ১৯ঃ২৫।

82) একটি রম্বসের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 5 সে. মি.। রম্বসটির ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?

1) 48
2) 60
✔ 3) 24
4) 12

**ব্যাখ্যা :** রম্বসের ক্ষেত্রফল =(ভূমি × উচ্চতা) বর্গ একক।
AOD একটি সমকোণী ত্রিভুজ
অতিভুজ AD = 5 সেমি ;AO = 3 সেমি এবং OD = 4 সেমি।
AC = 2 × 3 = 6 সেমি এবং BD = 2 × 4 = 8 সেমি।
রম্বসের ক্ষেত্রফল = 1/2 × AC × BD
= 1/2 × 6 × 8 বর্গসেমি
= 24 বর্গসেমি।

83) একটি ট্রাপিজিয়ামের উচ্চতা 8 সে.মি এবং সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 9 সে. মি. এবং 7 সে. মি. হলে এর ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?

1) 24
2) 100
✔ 3) 64
4) 96

**ব্যাখ্যা :** ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = ১/২ x সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল x সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব
= ১/২ x (৯ + ৭) x ৮ = ৬৪

84) ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি?

1) $CO_2$
✔ 2) CFC

Hello BCS

3) $SO_2$
4) CO

**ব্যাখ্যা :** ১৯৮৬ সালে যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী সুজান সলোমন গবেষণা করে দেখান যে ওজোন স্তর ধ্বংস হয়ে যাচ্ছে। আর সেটা হচ্ছে ক্লোরিন এবং ব্রোমিন আছে এরকম অণুর উপস্থিতির কারণে। এই ক্লোরিন ও ব্রোমিন থাকে ক্লোরোফ্লোরোকার্বন গ্যাসগুলোতে, যেগুলোকে সংক্ষেপে বলা হয় সিএফসি।

85) পিতা ও পুত্রের বয়সের গড় ৪০ বছর এবং মাতা ও ঐ পুত্রের বয়সের গড় ৩৫ বছর ।মাতার বয়স ৫০ হলে পিতার বয়স কত?

1) ৮৫ বছর
2) ৫০ বছর
3) ৪৫ বছর
✔ 4) ৬০ বছর

**ব্যাখ্যা :** পিতা ও পুত্রের মোট বয়স = (৪০×২) = ৮০ বছর
মাতা ও পুত্রের মোট বয়স = (৩৫×২) = ৭০ বছর।
এখন, পুত্রের বয়স = (৭০ - ৫০) = ২০ বছর
সুতরাং পিতার বয়স = (৮০ - ২০) = ৬০ বছর

86) বরেন্দ্র বলতে বোঝায় কোনটি?

1) দক্ষিণবঙ্গ
✔ 2) উত্তরবঙ্গ
3) পশ্চিমবঙ্গ
4) পূর্ববঙ্গ

**ব্যাখ্যা :** বরেন্দ্র বলতে - উত্তরবঙ্গ কে বোঝায়। বাংলার প্রাচীন জনপদ 'বরেন্দ্র' এর সীমানা ছিল পশ্চিমে গঙ্গা ও মহানন্দা, পূর্বে করতোয়া, দক্ষিণে পদ্মা এবং উত্তরে কুচবিহার।

87) Choose the appropriate meaning of the idiom "Swan song".

1) carly work
2) first work
✔ 3) last work
4) middle work

**ব্যাখ্যা :** Someone's swan song is the last time that they do something for which they are famous

88) দহগ্রাম ছিটমহলটি কোন জেলার অর্ন্তগত ছিল?

1) কুড়িগ্রাম

Hello BCS

✔ 2) লালমনিরহাট
3) পঞ্চগড়
4) নীলফামারী

**ব্যাখ্যা :** দহগ্রাম ইউনিয়ন বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার একটি ইউনিয়ন ও বাংলাদেশের অন্যতম বৃহৎ ছিটমহল, যা ভারতের মূল ভূখণ্ডের মধ্যে অবস্থিত। এর তিন দিকে ভারতের কুচবিহার জেলা, একদিকে তিস্তা নদী, নদীর ওপারেও ভারতীয় ভূখণ্ড।

89) What kind of verb is the word 'went’ in the sentence: "The dog went mad"?

✔ 1) Copulative verb
2) Factitive verb
3) Transitive verb
4) Causative verb

**ব্যাখ্যা :** Transitive verb - যে verb একাকী sentence এর অর্থ সম্পূর্ণ করতে পারে না। অর্থ সম্পূর্ণ করতে অন্য কোনো word - এর সাহায্য গ্রহণ করতে হয়। তাকে Transitive verb বলে। যেমন = I drink tea The boy eats rice. Causative verb – যে verb এর subject নিজে সরাসরি কাজ না করে অপরকে দিয়ে কাজ সম্পন্ন করায়, তাকে causative verb বলে। যেমন - I fly a kite, Dip (তরল পদার্থে ডুবানো), Drench (ভিজানো), Fell (ভূপতিত করা), Inform, Remind, Raise (উঠানো), Set (স্থাপন করা), suckle (স্তন্য পান করানো), Lay (শোয়ানো, শোয়ায়ে ফেলা) হচ্ছে causative verb। Copulative verb - যে intransitive verb অতিরিক্ত word - এর সাহায্য ছাড়া sentence এ অর্থ সম্পূর্ণ করতে পারে না, তাকে copulative verb বলে। যেমন - You look happy.

90) জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি কোনটি?

1) আলফা রশ্মি
✔ 2) গামা রশ্মি
3) আল্ট্রাভায়োলেট রশ্মি
4) বিটা রশ্মি

**ব্যাখ্যা :** জীব জগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি হলো গাম রশ্মি। গামা রশ্মির বেদন ক্ষমতা, অন্য তেজস্ক্রিয় রশ্মি আলফা ও বিটা রশ্মির চেয়ে অনেক বেশি। গামা রশ্মি প্রায় কয়েক সেন্টিমিটার পর্যন্ত সীসা ভেদ করতে পারে। আল্ট্রাভায়োলেট অতিবেগুনি রশ্মি সূর্য থেকে আসে, যা তেজস্ক্রিয় রশ্মি থেকে কম ক্ষতিকর।

91) If I had known you were coming-

1) I would go to the station
2) I had gone to the station
3) I would be going to the station
✔ 4) I would have gone to the station

Hello BCS

**ব্যাখ্যা :** Conditional sentence - এর নিয়মানুযায়ী If + past perfect + would have / could have /might have হয় । যেহেতু main clause - এ past perfect tense হয়েছে তাই subordinate clause - এ would have ব্যবহার করতে হবে।

92) কোন বানানটি শুদ্ধ?

✔ 1) দূষণীয়
2) নুপুর
3) ডাষ্টবিন
4) দারিদ্রতা

**ব্যাখ্যা :** উপরিউক্ত অপশন গুলোর ভুল বানানের শুদ্ধ রূপ হলো - ডাস্টবিন, দরিদ্রতা বা দারিদ্র্য, নূপুর

93) একটি খাতা ৩৬ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুন লাভ হয়, খাতাটির ক্রয়মূল্য কত?

1) ২৪ টাকা
2) ১২ টাকা
3) ৬০ টাকা
✔ 4) ৪৮ টাকা

**ব্যাখ্যা :** ধরি,
36 টাকায় বিক্রি করলে ক্ষতি x টাকা।
72 টাকায় বিক্রি করলে লাভ 2x টাকা।
শর্তানুসারে,
36 + x = 72 - 2x
বা, x + 2x = 72 - 36
বা, 3x = 36
বা, x = 36/3
বা, x = 12
অতএব খাতাটির ক্রয় মূল্য = 36 + 12 = 48 টাকা।
উত্তর : খাতাটির ক্রয় মূল্য = 48 টাকা।

94) একটি চতুর্ভুজের চারটি কোণের অনুপাত ১ :২ :২ :৩ হলে বৃহত্তর কোণের পরিমাণ কত?

1) 225°
2) 100°
3) 115°
✔ 4) 135°

**ব্যাখ্যা :** চতুভুজের চার কোণে সমষ্টি = ৩৬০
অনুপাত গুলোর যোগফল = ১ + ২ + ২ + ৩ = ৮

Hello BCS

প্রত্যেক কোণের পরিমান = ৩৬০÷৮ = ৪৫
বৃহত্তর কোণ = ৪৫×৩ = ১৩৫

95) ৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?

- ✔ 1) ৬৯
- 2) ৬১
- 3) ৭৩
- 4) ৭১

**ব্যাখ্যা :** ৪০ ও ১০০ এর মধ্যবর্তী ক্ষুদ্রতম ও বৃহত্তম মৌলিক সংখ্যাদ্বয় যথাক্রমে ৪১ ও ৯৭। এদের গড় = (৪১ + ৯৭) / ২ = ৬৯

96) একটি বৃত্তের ব্যাস ২৬ সে.মি. হলে এর পরিধি কত?

- 1) ৩৯π সেমি
- ✔ 2) ২৬π সেমি
- 3) ৫২π সেমি
- 4) ১৩π সেমি

**ব্যাখ্যা :** জানা মতে,
বৃত্তের পরিধি : বৃত্তের ব্যাস = π
বা, বৃত্তের পরিধি= π *বৃত্তের ব্যাস
=২৬π সেমি

97) রাশিয়ার মুদ্রার নাম কী?

- 1) লিরা
- 2) ক্রোনা
- ✔ 3) রুবল
- 4) রিংগিত

**ব্যাখ্যা :** রুবল বা রুবেল (মুদ্রা প্রতীক : руб; ব্যাংক কোড : RUB) (রুশ : рубль রুব্ল্) হল রাশিয়ার মুদ্রা।

98) The singular form of criteria' is

- ✔ 1) criterion
- 2) criterius
- 3) criterii
- 4) criterium

**ব্যাখ্যা :** Criteria are plural and Criterion is singular.

Hello BCS

99) তলের মাত্রা কয়টি?

1) 4 টি
✔ 2) 2 টি
3) 6 টি
4) 3 টি

**ব্যাখ্যা :** বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা প্রত্যেকটিকে ঐ বস্তুর মাত্রা বলে। সাধারণ অর্থে কোন ত্রিমাত্রিক দৃশ্যমান অংশকে তল বা পৃষ্ঠতল বলে। তলের দৈর্ঘ্য ও প্রস্থ আছে তাই তল দ্বিমাত্রিক অর্থাৎ তলের মাত্রা ২টি।

100) ____ mother rose in her.

1) A
2) An
✔ 3) The
4) No article

**ব্যাখ্যা :** কিছু কিছু Noun আছে যাদের পূর্বে ' the ' ব্যবহৃত হলে abstract noun - এর অর্থ প্রকাশ করে। যেমন - 'The mother rose in her' অর্থাৎ তার মধ্যে মাতৃত্ব (মাতৃসুলভ মায়া - মমতা) জেগে উঠল'। ' Control the beast in you ' ইত্যাদি।

101) a $^2$ - c $^2$ -2ab + b $^2$ এর সঠিক উৎপাদক কোনটি?

1) (a - b - c)(a + b - c)
2) (a + b + c)(a – b + c)
3) (a + b + c)(a – b - c)
✔ 4) (a - b - c)(a - b + c)

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
$a^2-c^2-2ab+b^2$
or, $a^2-2ab+b^2-c^2$
or, $(a-b)^2-c^2$
or, (a-b+c)(a-b-c)

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS